গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৮ তম সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ এরশাদ উর-রশীদ
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২৮ ডিসেম্বর ২০১৬ ; সকাল ১১.০০ ঘটিকায় ।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতির অনুরোধক্রমে উপ-পরিচালক ও সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৯ টি সুপারিশ গৃহীত হয়েছিল। গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যারা মেন্টর হিসাবে ইনোভেটরদের সাথে কাজ করছেন তাদের কাজ সুস্পষ্ট ও সুনির্দিষ্ট নয়, মেন্টরগণকে সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে গৃহীত প্রকল্প বাস্তবায়নে মেন্টরশিপ প্রদান করতে অনুরোধ জানানো হয়; যাতে গুনগতমান সম্পন্ন প্রকল্প বাস্তবায়িত হয় । সভাপতি প্রত্যেক মেন্টরকে তার মেন্টি এর প্রকল্পের শুরু এবং শেষ এর তারিখ নির্ধারণ; প্রকল্পের বিভিন্ন ধাপসমূহ নির্ধারণ ও প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির পর্যালোচনা এবং প্রকল্প বাস্তবায়নকারীর ডকুমেন্টেশন ইত্যাদি বিষয়গুলি স্পষ্টভাবে প্রতিপালন করতে অনুরোধ জানান । সভাপতি বছরের শুরুতে প্রত্যেক মেন্টর কোন কোন উদ্ভাবককে মেন্টরশীপ দেবেন তা নির্ধারণ করে সভাকে অবহিত করতে অনুরোধ জানান । কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের কর্মকর্তাদের প্রশিক্ষণ সিডিউলে মেন্টরশীপ বিষয়ে নূন্য পক্ষে ১টি ক্লাশ অন্তর্ভূক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কার্যক্রমের তথ্যচিত্র ও অগ্রগতি সোসাল মিডিয়ায় নিয়মিত প্রচারের উপর গুরুত্বারোপ করা হয় । সহকারী পরিচালক(আইসিটি) জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাকে জানান যে, মাঠ পর্যায়ের সকল অফিসে Facebook page খোলা ও ব্যবহারের নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়েছে । এর ফলে মাঠ পর্যায়ের অফিসগুলোতে Facebook page খোলা হয়েছে । যুব উন্নয়ন অধিদপ্তরের blog কে active করার উদ্যোগের বিষয়েও আলোচনা হয় ।

২। সভায় জানানো হয় যে, ইনোভেশন টিমের ২০১৬ সালের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠানসহ বিভিন্ন কার্যক্রম যথারীতি বাস্তবায়িত হয়েছে তবে ইনেভেটরদের সম্মাননা প্রদানের বিষয়টি এখনও বাস্তবায়িত হয়নি। ইনোভেটরদের সম্মাননা প্রনোদনা প্রদানের নীতি প্রণয়নের জন্য গঠিত কমিটিকে দ্রুত কাজ শেষ করে প্রতিবেদন প্রদানের জন্য পুনরায় পত্র দিয়ে তাগিদ দেয়ার সুপারিশ গৃহীত হয় । ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য বিস্তারিত আলোচনা হয় । আলোচনা শেষে নিম্নরূপভাবে কর্মপরিকল্পনা গ্রহণের সুপারিশ গৃহীত হয় ।

| নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবী | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমানগত কী পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কিনা তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | বেকারমুক্ত গ্রাম সৃজন | ০১/০১/২০১৭-৩১/১২/২০১৭ | ইনোভেশন টিমের ৭জন সদস্য ৩টি উপজেলার কর্মকর্তাকে তার কাজ বাস্তবায়নে সহযোগীতা ও পরামর্শ প্রদান করবেন এবং মধ্যমেয়াদী ও চূড়ান্ত মূল্যায়ন করে প্রতিবেদন প্রস্তুত করবেন। | ১. নির্বাচিত গ্রামের কর্মক্ষম বেকার জনগণকে প্রশিক্ষণ, ঋণ সেবা প্রদানের মাধ্যমে কর্মসংস্থান/আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণ। | যাতায়াত, সময় ও খরচ বাচবে। |
| ০২. | ইনোভেটরদের নিয়ে সভা/কর্মশালা | আগষ্ট ২০১৭ | জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপ-পরিচালক (A2i এর ব্যবস্থাপনায়) | ১. ইনোভেটরদের ইনোভেশন বিষয়ক দক্ষতা বৃদ্ধি পাবে<br>২. তারা এ কাজে উৎসাহী ও উদ্যোগী হবেন | ঐ |
| ০৩. | নতুন কর্মকর্তা ২৫ জন সমন্বয়ে ২দিনের ইনোভেশন প্রশিক্ষণ | অক্টোবর ২০১৭ | জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপ-পরিচালক (A2i এর ব্যবস্থাপনায়) | ১. নতুন ইনোভেশন আইডিয়া তৈরী হবে।<br>২. মাঠ পর্যায়ে ইনোভেশনের উদ্যোগ তৈরী হবে। | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪. | সোসাল মিডিয়ার প্রচার | ০১/০১/২০১৭-৩১/১২/২০১৭ | জনাব সালেহ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি) | ১. ইনোভেশন সাফল্যের প্রচার প্রচারণা বৃদ্ধি পাবে<br>২. নতুন নতুন ইনোভেশন আইডিয়া পাওয়া যাবে<br>৩. সাধারণের মতামত প্রদানের সুযোগ তৈরি হবে | ঐ |
| ০৫. | সফল ইনোভেটরদের সম্মাননা প্রদান | নভেম্বর ২০১৭ | জনাব মাসুদা আকন্দ উপ পরিচালক (প্রশিক্ষণ) | ১. এ কাজে প্রতিযোগীতা তৈরি হবে<br>২. স্বীকৃতি মিলবে। | ঐ |
| ০৬. | ইনোভেশন টিমের মাসিক সভা | প্রতি মাসের শেষ সপ্তাহে | জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপ-পরিচালক (আইসিটি) | ১. কর্মপরিকল্পনার বাস্তবায়ন উদ্যোগ পর্যালোচনা ও করনীয় নির্ধারন | ঐ |
| ০৭. | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের Apps তৈরী (ই-লার্নিং) | জুন ২০১৭ | জনাব মাসুদা আকন্দ উপ পরিচালক (প্রশিক্ষণ) | ১. প্রশিক্ষণের গতি বৃদ্ধি পাবে।<br>২. জনগণ সহজেই বিষয়টি জানতে পারবে। | ঐ |
| ০৮. | SIF তহবিল ব্যবহার করে প্রশিক্ষণের অনলাইন আবেদন প্রক্রিয়াকরণ | ০১/০১/২০১৭-৩১/১২/২০১৭ | জনাব মাসুদা আকন্দ উপ পরিচালক (প্রশিক্ষণ) | ১. অনলাইনে প্রশিক্ষণ আবেদন করা যাবে<br>২. দ্রুত প্রশিক্ষণ সেবা পাওয়া যাবে | ঐ |

৩। সভাপতি অবহিত করেন যে, গত ২৯ ও ৩০ নভেম্বর ২০১৫খ্রিঃ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ২ দিনের ইনোভেশন প্রশিক্ষন কর্মশালায় অধিদপ্তরের যে সমস্ত কর্মকর্তা অংশগ্রহণ করেছিলেন তাদেরকে অধিদপ্তরের ১৫ তম ইনোভেশন সভায় আমন্ত্রণ জানানোর উদ্দেশ্য ছিল প্রশিক্ষণের সময় যে ৪টি গ্রুপে সেবা সহজীকরণের লক্ষ্যে উদ্যোগ গৃহীত হয়েছিল সে সকল উদ্যোগ কেন্দ্রীয় ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠেয় আসন্ন ইনোভেশন সার্কেলে উপস্থাপন করার প্রস্তুতি গ্রহণের অনুরোধ জানানো। ইনোভেটরদের কাজের সুবিধার্থে পূর্বের উদ্যোগ পরিবর্তন করে নতুন উদ্যোগ গ্রহন করার বিষয়েও আলোচনা হয়। আশা করা যায় কর্মকর্তাগণ তাদের গৃহীত উদ্যোগ বাস্তবায়নে তৎপর রয়েছেন এবং ইনোভেশন সার্কেলে উপস্থাপনের প্রস্তুতি গ্রহণ করছেন।

৪। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী ইতোমধ্যে ১৪টি আইডিয়া (১) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের ক্লাশ রুমে Smart Board স্থাপন (২) যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ইনোভেটিভ আইডিয়াসহ অন্য সকল পরামর্শ গ্রহণের লক্ষ্যে একটি "পরামর্শ বক্স" স্থাপন (৩) ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট প্রণয়ন ও অন লাইনে প্রেরণ (৪) মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় (৫) প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্সের শিরোনামে কোড নম্বর ব্যবহার (৬) ট্রেনিং অন বোট (হাওড়/চর এলাকায় অনগ্রসর দরিদ্র যুবদের জন্য) (৭) সমাজ বিরোধী কর্মকান্ডে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে যুব সংগঠন ও অধিদপ্তরের সেবা গ্রহনকারীদের পরামর্শ ও মতবিনিময়ের জন্য "যুব আড্ডা" নামে একটি ওয়েব পেজ চালু করা (৮) SDGs বাস্তবায়নে যুব সংগঠনের সদস্য ও সংগঠকদের সম্পৃক্তকরণঃ র‌্যালি (রোড শো) আয়োজন (৯) যুববান্ধব পরিকল্পনা প্রণয়ন ডেমোগ্রাফিক ডিভিডেন্ট কাজে লাগিয়ে টেকসই উন্নয়ন (১০) সঠিক ও নির্ভুল তথ্যপ্রবাহ যুগোপযোগী পরিকল্পনা প্রণয়নের মূলভিত্তি (১১) PRL এ গমনের পূর্ব প্রস্তুতি সম্পর্কে কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণ (১২) মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি online এ আবেদন এবং ছুটি হিসাব রেজিষ্টারে সংরক্ষণ
(১৩) যুব ভবনের মূল ফটকে বিভিন্ন স্লোগান সম্বলিত ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন (১৪) প্রধান কার্যালয়সহ মাঠ কার্যালয়সমূহে একাউন্টিং সফটওয়্যার ও HRMS (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম) সফটওয়্যার তৈরি বিষয়ক প্রস্তাবনা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। পূর্বের প্রেরিত ইনোভেশন আইডিয়াগুলি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত নতুন আইডিয়া প্রেরণ করা হবে না মর্মে আলোচনা ও সুপারিশ গৃহিত হয়।

৫। এসআইএফ হতে প্রাপ্ত অর্থ ব্যবহার করে অন লাইনে প্রশিক্ষণ আবেদন প্রক্রিয়ার লক্ষ্যে মানিকগঞ্জ এবং কুমিল্লা জেলায় জানুয়ারি ২০১৭ থেকে বেজ লাইন সার্ভে এর কাজ শুরু হবে বলে সভাকে জানানো হয়।

৬। ইনোভেশন টিম পূণর্গঠনের ব্যাপারে সভায় আলোচনা হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয়।

**সুপারিশ :**

০১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্য কর্তৃক মেন্টর হিসেবে পালনীয় দায়িত্ব আলোচনা ও পরামর্শ মাফিক যথাযথভাবে পালন অব্যাহত রাখা এবং কমপক্ষে ১ টি উপজেলার ইনোভেটরকে অব্যাহত মেন্টরশীপ প্রদান বাধ্যতামূলক। সদস্যগণ বর্তমানে যাকে মেন্টরশীপ প্রদান করছেন তার প্রকল্প শুরুর সময়, বর্তমান অবস্থা এবং শেষের তারিখ এবং ফলাফল আগামী সভায় লিখিতভাবে উপস্থাপন করবেন ;

০২। প্রতিমাসে দুইটি আইডিয়া মন্ত্রণালয়ে পাঠানোর ব্যবস্থা নেয়া (প্রাপ্তি সাপেক্ষে);

০৩। প্রাপ্ত এস আই এফ ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিত করা;

০৪। ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, অনুমোদন এবং প্রেরণের উদ্যোগ গ্রহণ;

০৫। সোসাল মিডিয়ায় প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন;
০৬। ফরমস বাতায়নে প্রদেয় ফরম কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারণ ও তথায় প্রেরণ ;
০৭। আসন্ন ইনোভেশন সার্কেলে উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনের জন্য অধিদপ্তরের কর্মকর্তাগণকে প্রস্তুতি গ্রহণ এবং প্রয়োজন বশতঃ পূর্বের উদ্যোগ পরিবর্তন করে নতুন উদ্যোগ গ্রহণ ও দ্রুত কাজ এগিয়ে নেয়া ;
০৮। Facebook page খোলা ও ব্যবহারের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন ;
০৯। যুব উন্নয়ন অধিদপ্তরের blogকে active রাখার ব্যবস্থা করা ;
১০। ইনোভেশন টিম পুর্নগঠন ইত্যাদি ।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

22.01.17

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-০৩ তারিখঃ ২২ /০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব------------------------------------------------- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব-------------------------- উপপরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি ।

22/01/2017

(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার)
ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com

<u>পরিশিষ্ট "ক"</u>

২৮/১২/২০১৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মাসুদা আকন্দ<br>উপপরিচালক (প্রশিক্ষণ) | স্বাক্ষরিত |
| ২ | জনাব মোঃ আব্দুর রেজ্জাক<br>উপপরিচালক(প্রোগ্রামার) | স্বাক্ষরিত |
| ৩ | সৈয়দ আবদুল কাইয়ুম<br>উপপরিচালক(পরিকল্পনা)(চঃদাঃ) | স্বাক্ষরিত |
| ৪ | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক(আইসিটি) | স্বাক্ষরিত |
| ৫ | জনাব শাহীনূর রহমান<br>সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) | স্বাক্ষরিত |